# উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯খ্রি. মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ যুবায়ের<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বাজিতপুর, কিশোরগঞ্জ |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ২৯/০৯/২০১৯ খ্রিস্টাব্দ |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়,খরচ ও পরিদর্শন কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সকল উপজেলার আইসিটি সদস্যবৃন্দকে দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | ওয়েবসাইট হালনাগাদকরণঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বাজিতপুর উপজেলার ওয়েব সাইটের হালনাগাদের কাজ কিছু দপ্তর বাদে খুব ভাল ভাবেই চলছে । বিভিন্ন বিভাগীয় দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে তা দ্রুত শতভাগ বাস্তবায়ন করা যাবে।এছাড়াও সকল ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে অবগত করা হয়। | ১। ওয়েবসাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং ৭ কর্মদিবসের মধ্যে হালনাগাদ শেষ করার জন্য বলা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>২। ইউনিয়ন পর্যায়ে ওয়েব সাইটে নিয়মিত তথ্য হালনাগাদকরণের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং ৩ কর্মদিবসের মধ্যে হালনাগাদ শেষ করার জন্য বলা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ<br>৩। উদ্যোক্তা (সকল) |
| ২.০ | উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট কানেকটিভিটি সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বাজিতপুর উপজেলার ইন্টারনেট কানেকটিভিটি প্রায় অনেকদিন ধরে অচল আছে। জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ করে বর্তমান অবস্থা জানানো হয়েছে। | ১। বিটিসিএল/বিসিসি অফিসের সাথে প্রতিনিয়ত যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়।<br>২। ইন্টারনেট কানেকটিভিটি সচল না হওয়া পর্যন্ত সকল সরকারী দপ্তরকে মডেম ব্যাবহারের মাধ্যমে কার্যাবলী চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ<br>২। দপ্তর প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ |
| ৩.০ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, বাজিতপুর উপজেলার ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। তিনি জানান, শেখ রাসেল ডিজিটাল ল্যাব গুলোতে নিয়মিত পরিদর্শন করেন। ডিজিটাল ক্লাসরুম হিসেবে ল্যাবগুলো যথাযথ ব্যবহার হচ্ছে। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ<br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ |
| ৪.০ | ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ই-নথি প্রশিক্ষণ ইতিমধ্যে উপজেলার কয়েকটি অফিসের কর্মকর্তা এবং কর্মচারীরা কিশোরগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরে প্রশিক্ষণের সুযোগ পাবেন । | ১। ই- নথি কার্যক্রম সার্বক্ষনিক সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সকল কর্মকর্তা এবং কর্মচারী (ই-নথি লাইভ অফিস)।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৫.০ | জনসেবায় ফেসবুক/ সোশ্যাল মিডিয়ার ব্যাবহারঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ফেসবুক ব্যাবহার এর মাধ্যমে খুব সহজেই জনগনের কাছে কাজের অগ্রগতি পৌছিয়ে দেয়া যায়। এজন্য ফেসবুক/সোশ্যাল মিডিয়া ব্যাবহার করা অতীব প্রয়োজন। | ১। সকল সরকারী দপ্তরকে ফেসবুক পেজ তৈরি করে নিয়মিতি ভাবে তথ্য আপলোড দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। | ১। দপ্তর প্রধান (সকল), বাজিতপুর,কিশোরগঞ্জ<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর |
| ৪.০ | সদস্য কো-অপ্ট করা সংক্রান্তঃ<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার বলেন যে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং জনগনের দোরগোড়ায় সেবা পৌছে দিতে কাজ করছেন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ। আইসিটি কমিটিতে তাদের কো-অপ্ট করার জন্য প্রস্তাব করেন | ১। উপস্থিত সকল সদস্যগণের অনুমতিক্রমে সকল উদ্যোক্তাদের কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর, বাজিতপুর,কিশোরগঞ্জ। |

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদসবৃন্দকে ধনবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ যুবায়ের)
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি

স্মারক নং- ৫৬.০৪.৪৮০৬.০০১.০৬.০০১.১৯-০২

তারিখ : ২৯.০৯.২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। আলহাজ্ব মোঃ আফজাল হোসেন, মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-০৫।

০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৫। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৭। সহকারি কমিশনার (ভূমি), বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৮। উপজেলা ........................................ অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৯। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা।

১০। জনাব ..................................................................................।

১২। অফিস কপি।

29/09/2019

(মোঃ মহিবুর রহমান খান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বাজিতপুর, কিশোরগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি